

বাংলাদেশ থেকে ভারতীয় নাগরিকদের ফিরে আসার জরুরি তথ্য (জুলাই 21, 2024)

জুলাই 21, 2024

গত দুই দিনে ঢাকায় ভারতীয় হাইকমিশন এবং চট্টগ্রাম, রাজশাহী, সিলেট ও খুলনার সহকারী হাইকমিশনগুলি বাংলাদেশে সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ভারতীয় নাগরিকদের দেশে ফিরিয়ে আনার উদ্দেশ্যে সহায়তা প্রদান করে চলেছে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ও স্থলবন্দর এবং বিমানবন্দরে আমাদের নাগরিকদের নির্বিঘ্ন যাত্রা সুনিশ্চিত করতে প্রাসঙ্গিক ভারতীয় কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় সাধন করেছে। ঢাকায় হাইকমিশন বাংলাদেশের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং বাণিজ্যিক বিমান সংস্থাগুলির সঙ্গে সমন্বয় করতে ভারত এবং বাংলাদেশের মধ্যে বিমান পরিষেবার প্রাপ্যতা নিশ্চিত হয়।

২. এখন পর্যন্ত ৪৫০০ এর বেশি ভারতীয় ছাত্র ভারত ফিরে এসেছেন। হাইকমিশন ভারতীয় নাগরিকদের সীমান্ত অতিক্রম করার পয়েন্টগুলিতে নিরাপদ ভ্রমণের জন্য নিরাপত্তা এসকটের ব্যবস্থা করেছে। ৫০০ জন নেপালি ছাত্র, ৩৮ জন ভুটানি ছাত্র এবং ১ জন মালদ্বীপের ছাত্রও ভারতে পৌঁছেছেন। হাইকমিশন এবং আমাদের সহকারী হাইকমিশনগুলি ভারতীয় নাগরিকদের নিরাপত্তা এবং সুরক্ষার লক্ষ্যে স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ বজায় রেখে চলেছে। তারা বাংলাদেশে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে থাকা অবশিষ্ট ছাত্রদের এবং ভারতীয় নাগরিকদের কল্যাণ ও সহায়তার জন্য নিয়মিত যোগাযোগে রয়েছে।

৩. ঢাকায় ভারতীয় হাইকমিশন এবং বাংলাদেশের ভারতীয় সহকারী হাইকমিশনগুলি জরুরি যোগাযোগ নম্বরগুলির মাধ্যমে ভারতীয় নাগরিকদের প্রয়োজনীয় যে কোনও সহায়তার জন্য উপলব্ধ:

ভারতীয় হাইকমিশন, ঢাকা

+৮৮০-১৯৩৭৪০০৫৯১

ভারতীয় সহকারী হাইকমিশন, চট্টগ্রাম

+৮৮০-১৮১৪৬৫৪৭৯৭ / +৮৮০-১৮১৪৬৫৪৭৯৯

ভারতীয় সহকারী হাইকমিশন, রাজশাহী

+৮৮০-১৭৮৮১৪৮৬৯৬

ভারতীয় সহকারী হাইকমিশন, সিলেট

+৮৮০-১৩১৩০৭৬৪১১ +৮৮০-১৩১৩০৭৬৪১৭

ভারতীয় সহকারী হাইকমিশন, খুলনা

+৮৮০-১৮১২৮১৭৭৯৯

নতুন দিল্লি

জুলাই 21, 2024